



ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে জাতীয় শোক দিবস পালন

শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। মঙ্গলবার সকালে জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত করার মাধ্যমে কর্মসূচি শুরু হয়। অর্ধনমিত জাতীয় পতাকা উত্তোলন করেন বঙ্গবন্ধুর সাবেক একান্ত সচিব ও ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। অনুষ্ঠানে ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মমভাবে নিহত বঙ্গবন্ধু ও তার পরিবারের অন্যান্য সদস্যদের আদ্ধার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রাধ্যাক্ষ, বিভিন্ন বিভাগের সভাপতি, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।